সিনিয়র সিস্টেম এনালিস্ট

◇ সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
◇ প্রোগ্রামার
◇ সহকারী প্রোগ্রামার
◇ স:মে:ই-১/স:মে:ই-২
◇ নথি

ডাইরি নং
তারিখঃ ১২/০২/২০২০

স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং: ৩৫.০০.০০০০.০৩২.০১১.২৫.১৬(অংশ-২)-৭২

তারিখ: ২৮ মাঘ ১৪২৬
১১ ফেব্রুয়ারি ২০২০

বিষয়ঃ সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নের জন্য নতুন অনুমোদিত ০৬টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নের জন্য নতুন অনুমোদিত ০৬টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের লক্ষ্যে প্রকল্প পরিচালক নিয়োগ কমিটি'র সভা গত ০৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনাক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি:** সভার কার্যবিবরণী।

১১/০২/২০২০

(আবদুল্লাহ-আল-মাসুদ)
সিনিয়র সহকারী প্রধান
ফোন-৯৫১৪২৬৬
E-mail: mashudllb@msn.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, ইআরডি, শেরে বাংলা নগর, ঢাকা
৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৪। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫। অতিরিক্ত সচিব (বাজেট-৫), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭। মহাপরিচালক, যোগাযোগ ও স্থানীয় সরকার সেক্টর, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা
৮। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
৯। যুগ্মপ্রধান (সড়ক পরিবহন উইং), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ **(কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
৪। উপপ্রধান (পরিঃ ও কার্যঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫-৬। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

**বিষয়ঃ** সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নের জন্য নতুন অনুমোদিত ০৬টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত সভার কার্যবিবরণী ।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নজরুল ইসলাম<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ০৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ |
| সময় | : | বিকাল ০৩:০০ ঘটিকা |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

**২. উপস্থাপনাঃ**

২.১ সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য পরিকল্পনা বিভাগ কর্তৃক ০৯/০২/২০১৬ তারিখে পরিপত্র জারী করা হয়েছে। একই বিষয়ে আইএমইডি'র প্রতিবেদনের প্রেক্ষিতে প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত করার নিমিত্ত দক্ষ প্রকল্প পরিচালক নিয়োগের জন্য জাতীয় অর্থনৈতিক পরিষদের সভার সিদ্ধান্ত রয়েছে। উল্লেখিত সিদ্ধান্ত অনুসরণে প্রকল্প পরিচালক নিয়োগ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন/নির্দেশনাও তাঁর কার্যালয় থেকে সকল মন্ত্রণালয়/বিভাগকে পত্রের মাধ্যমে জানানো হয়েছে। তৎপ্রেক্ষিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে সভাপতি করে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ, আইএমইডি ও সংশ্লিষ্ট সংস্থা প্রধান সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নের জন্য একনেক/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সম্প্রতি অনুমোদিত হয়েছে এবং প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে এমন ০৬টি নতুন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাবের প্রেক্ষিতে প্রকল্প পরিচালক নিয়োগ কমিটি'র এ সভা আহ্বান করা হয়েছে।

**৩. আলোচনা :**

৩.১ সভায় উল্লেখ করা হয় যে, এ বিভাগের আওতাধীন তথা সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যক্রম ও জনবলের ধরণ ও সীমাবদ্ধতার কারণে পরিপত্র সম্পূর্নরূপে অনুসরণ করে প্রকল্প পরিচালক নিয়োগ করা অত্যন্ত দূরুহ। বাস্তবসঙ্গত কারণেই সকল প্রকল্পে পূর্নকালীন প্রকল্প পরিচালক নিয়োগ করা সম্ভব হয় না। ভৌগলিক বা কর্মস্থলজনিত অবস্থানের কারণে এবং প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে এক জোনের কর্মকর্তাকে অন্য জোনের প্রকল্পের দায়িত্ব প্রদান করা যায় না এবং একজন কর্মকর্তাকে ক্ষেত্র বিশেষে অনেকগুলো প্রকল্পের দায়িত্ব প্রদান করতে হয়। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়। এছাড়া, ডিপিপি প্রণয়নকালে প্রকল্প পরিচালকের ক্ষেত্রে সুনির্দিষ্ট কর্মকর্তার সংস্থান না রেখে (বিকল্পসহ) একাধিক গ্রেড এর উল্লেখ থাকা যৌক্তিক মর্মে সভায় মত প্রকাশ করা হয়। তাছাড়া, নতুন অনুমোদিত এবং চলমান অন্যান্য প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তনের প্রয়োজন হলে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরনের জন্য সওজ-কে পুনঃ পরামর্শ প্রদান করা হয়।

৩.২ সভায় আলোচনা হয় যে, প্রতিটি জোনে সওজ অধিদপ্তরের পর্যাপ্ত জনবল নেই। পরিপত্র প্রতিপালনের উদ্দেশ্যেই পরিচালক নিয়োগ কমিটি করা হয়েছে। প্রস্তাবিত অধিকাংশ প্রকল্পের ব্যয় ১০০ কোটি টাকার উর্ধ্বে। প্রকল্প পরিচালক নিয়োগের জন্য প্রস্তাবিত সকল প্রকল্পের ক্ষেত্রেই ৩জন করে কর্মকর্তার নাম প্রস্তাব করা হয়েছে এবং তাদের জীবনবৃত্তান্ত দাখিল করা হয়েছে। অতঃপর ০৬টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে সভায় বিশদ পর্যালোচনা করা হয় এবং প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে সকলে একমত পোষণ করেন।

৩.৩ সভায় অবহিত করা হয় যে, সম্প্রতি ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, রংপুর সড়ক জোন ও টেকনিক্যাল সার্ভিসেস উইং এর অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ, ঢাকা, চট্টগ্রাম, বগুড়া, ময়মনসিংহ, জামালপুর সড়ক সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ এবং নারায়ণগঞ্জ, দোহাজারী, রাঙ্গামাটি, বান্দরবান, চাঁদপুর, কুড়িগ্রাম, জয়পুরহাট, ঠাকুরগাঁও সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ বদলী হয়েছেন। এক্ষেত্রে বদলীজনিত কারণে সর্বমোট ৫৭টি প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তন প্রয়োজন হবে। বদলীজনিত কারণে

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

চলমান ৫৭টি প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। এক্ষেত্রে, মূল পদে নতুন পদায়নকৃত কর্মকর্তার অনুকূলে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করার জন্য মন্ত্রণালয় কর্তৃক পুনঃনিয়োগাদেশ জারির লক্ষ্যে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়।

**৪. সুপারিশ/সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৪.১ প্রকল্পসমূহের ব্যয় ও প্রধান প্রধান কার্যক্রম; প্রস্তাবিত প্রকল্প পরিচালকের কর্মস্থল, কার্যপরিধি ও অভিজ্ঞতা ইত্যাদি বিবেচনায় প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে সওজ অধিদপ্তরের নিম্নোক্ত প্রকল্পসমূহের পার্শ্বে উল্লেখিত কর্মকর্তাগণকে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্বে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগের সুপারিশ করা হলো:

| ক্রম | প্রকল্পের নাম (মেয়াদকাল) | সুপারিশকৃত প্রকল্প পরিচালক |
|---|---|---|
| ০১ | ঢাকার কেরানীগঞ্জ থেকে মুন্সিগঞ্জের হাসাড়া পর্যন্ত জেলা মহাসড়ক (জেড-৮২০৩) যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ<br><br>মেয়াদকালঃ ০১/০১/২০২০-৩১/১২/২০২২<br>প্রকল্প ব্যয়ঃ ৪০৯০৪.৮৫ লক্ষ টাকা | জনাব কে, এম, নূর-ই-আলম<br>তত্বাবধায়ক প্রকৌশলী, সওজ<br>নারায়ণগঞ্জ সড়ক সার্কেল, নারায়ণগঞ্জ |
| ০২ | বগুড়া-সারিয়াকন্দি জেলা মহাসড়ক (জেড-৫০৩২) উন্নয়ন ও বাঙ্গালী নদীর উপর আড়িয়াঘাট সেতু নির্মাণ<br><br>মেয়াদকালঃ ০১/০৭/২০১৯-৩০/০৬/২০২২<br>প্রকল্প ব্যয়ঃ ২৪০৯৬.৬৪ লক্ষ টাকা | জনাব মোঃ আশরাফুজ্জামান<br>নির্বাহী প্রকৌশলী, সওজ<br>বগুড়া সড়ক বিভাগ, বগুড়া |
| ০৩ | নাগেশ্বরী-কাশিপুর-ফুলবাড়ী-কুলাঘাটা-লালমনিরহাট জেলা মহাসড়ক উন্নয়ন<br><br>মেয়াদকালঃ ০১/০৭/২০১৯-৩০/০৬/২০২১<br>প্রকল্প ব্যয়ঃ ৯৯৩৫.০০ লক্ষ টাকা | জনাব মোঃ মাহবুবুল আলম খান<br>তত্বাবধায়ক প্রকৌশলী, সওজ<br>রংপুর সড়ক সার্কেল, রংপুর |
| ০৪ | কক্সবাজার জেলা রামু-ফতেখাঁরকুল-মরিচ্যা জাতীয় মহাসড়ক (এন-১০৯ এবং ১৯০) যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ<br><br>মেয়াদকালঃ ০১/১০/২০১৯-৩০/০৬/২০২২<br>প্রকল্প ব্যয়ঃ ২৬৬১৬.৭৯ লক্ষ টাকা | জনাব পিন্টু চাকমা<br>নির্বাহী প্রকৌশলী, সওজ<br>কক্সবাজার সড়ক বিভাগ, কক্সবাজার |
| ০৫ | কক্সবাজার জেলার একতাবাজার হতে বানৌজা শেখ হাসিনা পর্যন্ত সড়ক (জেড-১১২৫) উন্নয়ন<br><br>মেয়াদকালঃ ০১/০৭/২০১৯-৩০/০৬/২০২২<br>প্রকল্প ব্যয়ঃ ৩৬১২১.৯৫ লক্ষ টাকা | জনাব মোঃ আবদুল ওয়াহিদ<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ<br>চট্টগ্রাম জোন, চট্টগ্রাম |
| ০৬ | সিরাজগঞ্জ-কাজপুর-ধুনট-শেরপুর (জেড-৫৪০১) এবং সিরাজগঞ্জ (বাগাবাটি)-ধুনট (সোনামুখী)(জেড-৫৪০৫) মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ<br><br>মেয়াদকালঃ ০১/১০/২০১৯-৩০/০৬/২০২২<br>প্রকল্প ব্যয়ঃ ৯৮৮৬৫.০০ লক্ষ টাকা | জনাব মোঃ হাবিবুর রহমান<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ<br>রাজশাহী জোন, রাজশাহী |

৪.২ প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্প ব্যবস্থাপনা সেটআপসহ অন্যান্য সংশ্লিষ্ট অনুচ্ছেদ বা ছকে প্রকল্প পরিচালক হিসেবে কোন সুনির্দিষ্ট পদ/কর্মকর্তাকে প্রস্তাব করা যাবে না। এ ক্ষেত্রে একাধিক বিকল্পসহ প্রকল্প পরিচালকের গ্রেড উল্লেখ করতে হবে;

*অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য*

৪.৩ বদলীজনিত কারণে চলমান ৫৭টি প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তনের বিষয়ে মূল পদে নতুন পদায়নকৃত কর্মকর্তার অনুকূলে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করার জন্য মন্ত্রণালয় কর্তৃক পুনঃনিয়োগাদেশ জারির লক্ষ্যে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রস্তাব প্রেরণ করতে হবে।

৪.৪ সওজ অধিদপ্তর কর্তৃক ভবিষ্যতে প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাবে প্রস্তাবিত কর্মকর্তা যে সকল চলমান প্রকল্পের ইতোমধ্যে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োজিত রয়েছেন ঐ সকল প্রকল্পের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি পৃথকভাবে উল্লেখ করতে হবে;

৪.৫ ডিপিপি প্রণয়নকালে প্রকল্প পরিচালকের গ্রেড হিসেবে একটি গ্রেড-এর উল্লেখ না করে বিকল্পসহ একাধিক গ্রেড-এর উল্লেখ করতে হবে; এবং

৪.৬ প্রকল্প পরিচালক নিয়োগের প্রজ্ঞাপনের কপি সওজ গেজেটেড সংস্থাপন শাখায় স্ব স্ব ব্যক্তিগত নথিতে সংরক্ষণ করার জন্য প্রেরণ করা হবে।

৫. অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

পরিশিষ্ট - 'ক'

## সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ

সড়ক ও জনপথ অধিদপ্তরের নতুন অনুমোদিত ০৬টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত কমিটি'র সভা

তারিখ: ০৫/০২/২০২০

সময়: বিকাল ০৩.০০ ঘটিকা

সভাপতি: সচিব মহোদয়

| ক্রম | নাম ও পদবী | টেলিফোন নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মো: আশরাফুল আলম<br>প্রধান প্রকৌশলী, সওজ | ০১৭৩০৭৮২৫০০ | [illegible] |
| ২ | রওশন আরা বেগম<br>অতিরিক্ত সচিব | ০১৭৩৩৯৫৪৭৫০ | [illegible]<br>০৫.02.2020 |
| ৩ | [illegible]<br>তত্ত্বা: প্রকৌ / পরিক: সওজ | ০১৫৫২৫৪২৪৭৮ | [illegible] |
| ৪ | মো: নজরুল ইসলাম<br>উপসচিব, অর্থ বিভাগ | 01558744092 | [illegible]<br>5.2.2020. |
| ৫ | মীর আহমদ তারিকুল ওমর<br>উপপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ | ০১৫৫২-৪০৯২৭৮ | [illegible]<br>০৫/02/2020 |
| ৬ | মো: মাহবুব-উল-হাসান [illegible]<br>নির্বাহী প্রকৌশলী (চ:দা:), সওজ<br>[illegible] বিভাগ, সড়ক ভবন, ঢাকা | 01730782530 | [illegible]<br>05/02/2020 |
| ৭ | মো: আব্দুর রহমান [illegible]<br>যুগ্মসচিব, বাস্তবায়ন [illegible] | 01711817463 | [illegible]<br>৫/২/2020 |
| ৮ | | | |
| ৯ | | | |
| ১০ | | | |
| ১১ | | | |
| ১২ | | | |
| ১৩ | | | |